



চট্টগ্রামে রাষ্ট্রনীতিবিদ ও সমাজসেবক নুরুল ইসলাম বিএসসি, বুধবার গরিব মেধাবী ছাত্রছাত্রীদের বৃত্তি প্রদান করেন

নুরুল ইসলাম বিএসসির শিক্ষা বৃত্তি প্রদান

চট্টগ্রাম ব্যায়ো

দেশে শিক্ষা বিস্তারের ক্ষেত্রে অবদানের স্বীকৃতিস্বরূপ জাতিসংঘ দিবস এওয়ার্ড ২০০২ প্রাপ্ত শিক্ষানুরাগী, রাষ্ট্রনীতিবিদ ও সমাজসেবক নুরুল ইসলাম বিএসসি গত বুধবার ৩৭ জন গরিব মেধাবী ছাত্রছাত্রীকে শিক্ষা বৃত্তি প্রদান করেন। বৃত্তিপ্রাপ্তদের মধ্যে রয়েছে পাঁচজন অন্ধ মেধাবী ছাত্রী। গত বছর থেকে তিনি এ বৃত্তি চালু করেছেন। সমাজের সুবিধাবঞ্চিত মেধাবী ছাত্রছাত্রীদের এ বৃত্তি দেয়া হয়। এবারের বৃত্তিপ্রাপ্ত ৩৭ জনের মধ্যে রয়েছে নুরুল ইসলাম পৌর বালিকা উচ্চ বিদ্যালয়ের ৫ জন, সানোয়ারা উচ্চ বিদ্যালয় থেকে ৫ জন, দিয়াকুল সানোয়ারা মডেল হাই স্কুল থেকে ১০ জন, দিলোয়ারা জাহান মেমোরিয়াল স্কুল এন্ড কলেজ থেকে ৫ জন এবং সানোয়ারা মালক উচ্চ বিদ্যালয় থেকে ৫ জন শিক্ষার্থী। উপরোক্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলো নুরুল ইসলাম শিক্ষা সমন্বয় (নুশিস) কর্তৃক পরিচালিত। এর বাইরে জেএম সেন স্কুলের ২ জন ছাত্রীকে মেধা বৃত্তি প্রদান করা হয়।

পাশাপাশি এদিন নুরুল ইসলাম বিএসসি একই পরিবারের চারজন জনস্বাস্থ্য মেধাবী ছাত্রীকেও বৃত্তি প্রদান করেন। জনস্বাস্থ্য এ চার বোনের মধ্যে বড় বোন উম্মে হাবিবা চৌধুরী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে আইন বিভাগে অনার্সে লেখাপড়া করছেন। বাকি তিন বোনের মধ্যে উম্মে সেলিমা চৌধুরী ও উম্মে তসলিমা চৌধুরী দশম শ্রেণীতে পড়ছে। ছোট বোন জানজিনা চৌধুরী ষষ্ঠ শ্রেণীর ছাত্রী। জনস্বাস্থ্য হলেও এ চার বোন অন্যান্য শিক্ষার্থীর সঙ্গে প্রতিযোগিতায় মাথামুঠে খাচ্ছিলেন। উল্লেখ্য, তাদের বড় ভাই মাসুদ চৌধুরীও জনস্বাস্থ্য। তিনি কোম্পানি হাফেজ এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ইংরেজি বিভাগে মাস্টার্সের ছাত্র। নুরুল ইসলাম বিএসসি দীর্ঘদিন ধরে তাদের সবার শিক্ষার দায়িত্ব বহন করেছেন। জাতিসংঘ পদক প্রাপ্ত উপলক্ষে বুধবার এ অন্ধ চার বোন নুরুল ইসলাম বিএসসিকে ফুলের ভোড়া উপহার দেয়। এ সময় তিনি চার বোনের প্রত্যেককে ৫ হাজার টাকা করে বৃত্তির অর্থ প্রদান করেন। বৃত্তি প্রদানকালে নুশিস-এর চেয়ারম্যান আফসার খান এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরা উপস্থিত ছিলেন।